



পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি
POWER GRID BANGLADESH PLC
(An Enterprise of Bangladesh Power Development Board)



Grid Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212

www.pgcb.gov.bd

স্মারক নং- ২৭.২১.০০০০.১০১.৪৩.০০০.২৪.৩৬০৪

তারিখঃ ০২/০৭/২০২৪খ্রিঃ

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড এর নাম পরিবর্তন প্রসঙ্গে

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড ১৯৯৬ সালে নিবন্ধনের পর থেকে এ নামে পরিচালিত হচ্ছে। 'কোম্পানি আইন ১৯৯৪' -এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত কোম্পানি (দ্বিতীয় সংশোধন) আইন ২০২০ এর ধারা ১১ (ক) এর বিধান অনুসারে বাংলাদেশে নিবন্ধিত সীমিতদায় পাবলিক কোম্পানির নামের শেষে 'পাবলিক সীমিতদায় কোম্পানি' বা 'পিএলসি' লিখার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোম্পানির নাম পরিবর্তন করে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) করা হয়েছে।

এমতাবস্থায় কোম্পানির বর্তমান নাম 'পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ' -এর পরিবর্তে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) হিসেবে সর্বক্ষেত্রে ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

নির্দেশক্রমে,
মোঃ জাহাঙ্গীর আজাদ
কোম্পানি সচিব